

## সমকাল

# শিক্ষকরা যত্নবান হলে মানসম্মত শিক্ষা নিশ্চিত হবে -প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

১০ ঘণ্টা আগে

গোপালগঞ্জ প্রতিনিধি

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, শিক্ষকদের আন্তরিকতার সঙ্গে পাঠ দান করতে হবে। সুন্দরভাবে পাঠ দান করে পাঠের বিষয়কে আনন্দমুখর করে তুলতে হবে। যাতে শিক্ষার্থীরা সহজে পাঠের বিষয় গ্রহণ করতে পারে। শিক্ষার্থীদের মধ্যে আত্ম-উপলব্ধি সৃষ্টি করতে হবে। শিক্ষকরা যত্নবান হলেই শিক্ষার গুণগতমানের পরিবর্তন হবে এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করা সম্ভব হবে।

তিনি গত শুক্রবার বিকেলে গোপালগঞ্জ প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউটে শিক্ষকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন।

মন্ত্রী শিক্ষকদের উদ্দেশে আরও বলেন, আপনারা প্রত্যেক শিক্ষার্থীর মাকে টিফিন বক্সে খাবার দিয়ে দিতে বলবেন। টিফিন আওয়ারে শিক্ষার্থীরা এ খাবার গ্রহণ করলে পাঠে আরও বেশি মনোযোগী হবে। এটি শিক্ষার মান বৃদ্ধিতে সহায়ক হবে।

গোপালগঞ্জ প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউটের সুপার স্বপন কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় মন্ত্রীর এপিএস শেখ আতাহার হোসেন, প্রাথমিক শিক্ষার ঢাকা বিভাগের উপ-পরিচালক ইন্দু ভূষণ দেব, গোপালগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শান্তিমনি চাকমা, গোপালগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মাসুদ ভূঁইয়াসহ আরও অনেকে বক্তব্য দেন।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com